উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।

# উখিয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২২খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : অধ্যক্ষ হামিদুল হক চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, উখিয়া

তারিখ ও সময় : ২৫/০৯/২০২২ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ টা

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন এবং স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে ১ম কিস্তিতে ১৩.৩৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম কিস্তির ছাড়কৃত অর্থের অনুরুপ আরো ৩টি কিস্তির বরাদ্দসহ চার কিস্তিতে মোট ১৩.৩৯*৪=৫৩.৫৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে আশা করা যায়। বরাদ্দকৃত টাকায় নতুন স্কীম দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের কে অনুরোধ করা হয়েছিল্ ২০২২-২০২৩ অর্থবছরের স্কীমের তালিকা দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের কে পুনরায় অনুরোধ করা হলো। স্কীমের তালিকা পাওয়া গেলে যাচাই বাছাই করাসহ প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্কীম অনুমোদ ক্রমে নির্ধারিত সময়ে কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে। | সভার বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) খাতের অর্থায়নে পূর্ববর্তী বছরের ন্যায় নতুন স্কীম দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল'কে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যন(সকল) |
| ০২. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়িত প্রকল্পের বিবরণ নিম্নরুপঃ<br>১। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩২,৩৭,৮৯৯/৬৩ (বত্রিশ লক্ষ সাঁইত্রিশ হাজার আটশত টাকা তেষট্টি পয়সা) এর বিপরীতে গৃহীত ১৭টি প্রকল্প তালিকা অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক মহোদয়ের বরাররে প্রেরণ করা হয়েছে।<br>২। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৪২,১৪,২৪৪/৯৪ টাকার বিপরীতে ২০টি প্রকল্প ২৮.০৯৫২ মে.টন (গম) এর বিপরীতে ০৬টি প্রকল্প অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক মহোদয়ের বরাবরে প্রেরণ করা হয়েছে।<br>৩। মুজিব বর্ষ উপলক্ষে ২০২২-২০২৩ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন" ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবারের জন্য ৪র্থ পর্যায়ে একক গৃহ নির্মাণ" কাজ বাস্তবায়নের লক্ষ্যে ১০০টি গৃহের বরাদ্দ পাওয়া গিয়েছে। ২৩টি গৃহের কাজ চলমান আছে।<br>৪। ২০২২-২০২৩ অর্থ বছরে প্রধান প্রজনন মৌসুমে ইলিশ আহরণ নিষিদ্ধকালীন সময়ে মৎস্য আহরণে বিরত থাকা ১৬৫০ জেলে পরিবার প্রতি ২৫ কেজি হারে ২২ দিনের জন্য (০৭-২৮ অক্টোবর/২০২২) ৪১.২৫০ মে.টন (চাল) বরাদ্দ পাওয়া যায়। উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় হতে অনুমোদিত কার্ডধারী এবং সমুদ্রগামী ১৬৫০টি জেলে পরিবারের তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের অনুকূলে চালের ডিও (ছাড়পত্র) ১৩/১০/২২খ্রি. তারিখে প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্পসমূহ নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক গুণগতমান বজায় রেখে শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,উখিয়া, কক্সবাজার। |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া সভায় জানান,<br>১। চলতি রোপা আমন মৌসুমে চাষাবাদ হয়েছে ৯৬৮০.০ হেক্টর। এছাড়া অত্র উপজেলায় ৬৮৪.০ হেক্টর জমিতে শাকসবজির শুরু হয়েছে। পান ও সুপারির চাষাবাদ যথাক্রমে ৪৫০.০ হেক্টর ও ৯৭০.০ হেক্টর।<br>২। উপজেলা কৃষি অফিসারের কার্যালয় ও কৃষক প্রশিক্ষণ কেন্দ্রের নবনির্মিত ভবনের সামনের পরিত্যক্ত ভবন ভাঙ্গার ব্যাপারে আলোচনা হয়।<br>৩। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ০৭টি হস্তান্তরিত মন্ত্রণালয়ের/বিভাগের জনবলের ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স এর নির্ধারিত কক্ষে বসে কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে। এই নির্দেশনার প্রেক্ষিতে প্রত্যেক ইউনিয়ন | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিত্যক্ত ভবন ভাঙ্গার ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও ইউনিয়ন পরিষদে বরাদ্দকৃত কক্ষ চেয়ারম্যান কর্তৃক বুঝিয়ে দেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিষদ চেয়ারম্যানকে পত্র মারফত এবং সরেজমিনে অবহিত করা হয়েছে। খুব দ্রুত লিখিতভাবে কৃষি বিভাগের নির্ধারিত কক্ষ বুঝিয়ে দেয়ার ব্যাপারে পুনরায় অনুরোধ করা হয়।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৪. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া সভায় জানান যে- পেশী শক্তির মাধ্যমে স্বাস্থ্য কমপ্লেক্স এর আওতায় থানা ডিসপেন্সীর জায়গা দখল করতে চাচ্ছে কিছু অসাধু লোক। এই জায়গা যাতে দখল করতে না পারে সে বিষয়ে উপজেলা পরিষদের হস্তক্ষেপ কামনা করছি।<br>১. কমিউনিটি ক্লিনিকঃ- চালুকৃত সিসি- ১৮টি<br>২. স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমঃ-<br>ক) বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ১১৫৯০ জন<br>খ) অন্তঃবিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৭৯৪ জন<br>গ) জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৩৬৩৯ জন<br>ঘ) মোট শয্যা ব্যবহারের হার- ১০৫.৯%<br>ঙ) স্বাভাবিক প্রসব-১৪৪ জন<br>(হাসপাতালে- ৩০, সাব সেন্টারে- ৫৭, কমিউনিটি ক্লিনিকে- ০৩, পরিবার পরিকল্পনা বিভাগে- ৫৪ জন)<br>চ) সিজারিয়ান- ২৪ জন<br>৩. এমআইএস রিপোর্টিং হারঃ- ১০০%<br>৪. আইএমসিআই ও পুষ্টি কর্ণারঃ-<br>ক) অনলাইন রিপোর্টিং হার- ১০০% খ) মোট চিকিৎসাপ্রাপ্ত রোগী-৫৭০ জন (ছেলে ২৯০ জন, মেয়ে ২৮০ জন)<br>৫. টিবিঃ-<br>ক) মোট প্রিজাম্পটিভ রোগী- ৫৪৬ জন খ) মোট রোগী- ৩৭ জন<br>গ) পজেটিভ- ২৫ জন ঘ) নেগেটিভ ও অন্যান্য- ১২ জন<br>ঙ) মৃত্যু- ০০ জন<br>৬. এমপিডিএসআরঃ-<br>ক) নবজাতকের মৃত্যু- ০৪ জন খ) মাতৃ মৃত্যু- ০১ জন<br>গ) শিশু মৃত্যু- নাই ঘ) ডেথ নোটিফিকেশন- ০৫ জন<br>ঙ) ভারবাল অটপসি- ০৫ জন চ) মৃত জন্ম- ১৫ জন<br>৭. নিরাপদ খাদ্য বিভাগঃ-<br>ক) রেস্টুরেন্ট পরিদর্শন- ৩৮টি খ) মুদির দোকান- ২৫টি<br>গ) মাংসের দোকান- ০৪টি ঘ) মাছের দোকান- ০৫টি<br>ঙ) সন্দেহজনক খাদ্য নমুনা সংগ্রহ- ০২টি চ) চালের দোকান/গোডাউন- ০২টি<br>ছ) কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা প্রদান- ৪২ জন<br>জ) নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা সেশন- ১৫টি<br>৮. কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য- মোট ডাক্তার ১৯ জন<br>ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা- ০১ জন<br>খ) জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিওলজী)- ০১ জন<br>গ) মেডিকেল অফিসার- ০৮ জন<br>ঘ) ডেন্টাল সার্জন- ০১ জন<br>(৪২ তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে নতুন ০৮ জন নতুন সহকারী সার্জন সংযুক্তিতে পদায়ন করা হয়)<br>৯. কোভিড-১৯ পরিস্থিতি ঃ (ক) স্থানীয় ৪৭৯৯ জন, (খ) রোহিঙ্গা- ৫২৫৫ জন<br>১০. কোভিড-১৯ এর মৃত্যু ঃ (ক) স্থানীয়- ২৫ জন, (খ) রোহিঙ্গা- ৪০জন<br>১১. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (কোভিশিল্ড)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৬১৯২ জন, (২) মহিলা ২৯২৫ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫৫২৭ জন, (২) মহিলা ২৬৭৮ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫৬ জন, (২) মহিলা ২৭ জন<br>১২. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোফার্ম- ভেরো সেল)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪২৮২৯ জন, (২) মহিলা ৪২৩৭৮ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪৪৩৮১ জন, (২) মহিলা ৪৫১২৭ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>১৩. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোভ্যাক)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২৭১২১ জন, (২) মহিলা ৪৯০৬২ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২৬৩৮৭ জন, (২) মহিলা ০ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>১৪. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (ফাইজার)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৬৫৪ জন, (২) মহিলা ১৭৯৭০ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৩৫৮ জন, (২) মহিলা ১৭২২১ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৮৪৫ জন, (২) মহিলা ১৪২৬৮ জন | সভার বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর আওতাভুক্ত জায়গা যাতে কেউ দখল করতে না পারে সে বিষয়ে থানাকে অবহিত করা এবং জমি রক্ষার ব্যাপারে পরবর্তীতে যদি প্রয়োজন হয় উপজেলা পরিষদের সহায়তার মাধ্যমে কাটাতারের বেড়া দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১৫. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (মডার্ণা)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫২৯০ জন, (২) মহিলা ৩৬১০ জন | | |
| ০৫. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া সভায় জানান, ২০২২ সালের এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হয়েছে। তুমব্রুতে সীমান্ত উত্তেজনার ফলে শিক্ষার্থীদের জীবন ঝুঁকির নিরাপত্তার জন্য নাইক্ষ্যংছড়ি উপজেলার একটি পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করে উখিয়া উপজেলার কুতুপালং হাই স্কুল এ করা হয়েছে এবং আমরা অতি দ্রুত তম সময়ের মধ্যে উপজেলা প্রশাসনের সহযোগীতায় পরীক্ষা কেন্দ্রটি শিক্ষার্থীদের পরীক্ষা দেওয়ার উপযোগী করে তুলি। এছাড়া শৃঙ্খলা রক্ষায় পুলিশ প্রশাসন সার্বিকভাবে সহযোগিতা করছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান পরীক্ষী সমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া। |
| ০৬. | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | ১। উখিয়া উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘরে সুপেয় পানির ২০২২-২০২৩ অর্থবছরের জন্য উপজেলা প্রশাসনের চাহিদা অনুযায়ী ২৯ টি পানির উৎসের চাহিদা পাঠানো হয়েছে। | ১। টেন্ডার প্রক্রিয়া হওয়ার পর দ্রুত কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ<br>(সকল) |
| | | ২। উখিয়া উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কোভিড- ১৯ এর কথা মাথায় রেখে জীবাণুনাশক কার্যক্রম চলমান। উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে সমন্বয় করা হচ্ছে। পাশাপাশি সাবান বিতরণ করা হবে।মাধ্যমিক বিদ্যালয় সমূহে পাকা বেসিন নির্মাণের কাজ চলমান। | ১। দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>ও<br>উপজেলা শিক্ষা অফিসার |
| | | ৩। কোভিড- ১৯ উপলক্ষ্যে উখিয়া উপজেলার বিভিন্ন স্থানে অধিক জনসমাগণপূর্ণ জায়গায় পানির প্রাপ্যতার উপর ভিত্তি করে চাহিদার প্রেক্ষিতে হাত ধোয়ার বেসিন (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে স্থাপন এর কাজ চলমান ।বিভিন্ন গুরুত্বপূর্ণ অফিসে Removeble Hand wash Basin স্থাপন করা হয়েছে এবং তা O&M চালু আছে। | ১। সকল কাজ শেষ এবং হস্তান্তর হয়েছে। সব গুলোর Maintainance কাজ চলমান।<br>২। নিয়মিত পর্যবেক্ষণ করা হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। উপজেলা শিক্ষা অফিসার,উখিয়া<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,উখিয়া |
| | | ৪। (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলায় প্রাথমিক ভাবে ২টি পানি সরবরাহ নেটওয়ার্ক স্থাপন করবে। উক্ত প্রত্যেকটি পানি সরবারহ নেটওয়ার্ক এর মাধ্যমে (৫০০০*২) = ১০,০০০ লোক এর নিত্য প্রয়োজনীয় নিরাপদ পানির ব্যবস্থা করতে সক্ষম হবে। রাজাপালং ইউনিয়নে পাইপলাইনের কাজ চলমান। | ১। প্রাথমিক ভাবে ১টি জালিয়াপালং অন্যটি রত্নাপালং ইউনিয়ন এ বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে কাজ সম্পাদনের সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ<br>(সকল) |
| | | ৫। ১। (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলার স্যানিটেশন সুবিধা বঞ্চিত লোকদের স্যানিটেশন সুবিধা নিশ্চিতে 'পাকা টয়লেট' নির্মাণ কার্যক্রম হাতে নিয়েছে। ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উপজেলা WATSAN কমিটির অর্ন্তভুক্ত সদস্যদের মাধ্যমে সাইট নির্বাচনের জন্য তালিকা প্রণয়নের কাজ চলমান। পরবর্তীতে (EMCRP-DPHE) এর নিযুক্ত কনসালটেন্ট সদস্যদের মাধ্যমে সঠিকভাবে যাচাই বাছাই পূর্বক চুড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে।ইতোমধ্যে ৫৮০ টি চুড়ান্ত যাচাই বাচাই করা হয়েছে।<br>২। উক্ত টয়লেট সমূহ দরিদ্র সুবিধা বঞ্চিত এবং যাদের টয়লেট নেই এমন বাড়িতে দেওয়া হচ্ছে। স্থানীয় জনপ্রতিনিধি এবং কনসালটেন্ট টিম এর সহযোগীতায় টয়লেট এর সাইট নির্ধারিত হয়েছে।কোন প্রকার পাকা বাড়িতে টয়লেট স্থাপন করা যাবেনা।<br>৩। উক্ত টয়লেটের জন্য কোন প্রকার টাকা সংগ্রহ করা যাবেনা। কোন স্থানে এরুপ অভিযোগ পাওয়া গেলে দ্রুত সংশ্লিষ্ট অফিসে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।<br>৪। উক্ত কাজ সচ্ছতার সাথে সম্পাদন করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগীতার জন্য অনুরোধ করেন। | ১। প্রকৃত উপকার ভোগী নির্ধারণে সহায়তা করার ব্যাপারে সভার পক্ষ হতে আশ্বস্ত করা হয়।<br>২। কাজের গুণগত মানের ধারাবাহিকতা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ইতোমধ্যে ০৫ টি ইউনিয়নে কাজ শুরু হয়েছে।<br>৪। সুশীলন এনজিও ও IWM টিম কাজ তদারকি করবে।<br>৫। ইতোমধ্যে ২৩২ টি কাজ শেষ হয়েছে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ<br>(সকল) |
| | | ৬। ১। (EMCRP-DPHE ) প্রকল্পের মাধ্যমে সরকার এর প্রতিশ্রুতি বাস্তবায়নে SDG ও লক্ষ্য মাত্রা অর্জনে গ্রাম পর্যায়ে নিরাপদ পানি কমিউনিটি ভিত্তিক নিশ্চিত করণের লক্ষ্যে কমিনিটি টিউবওয়েল নিমার্ণ করা হবে। প্রতিটি টিউবওয়েল হতে পার্শ্ববর্তী নূন্যতম ১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান করা হবে বলে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভাকে অবহিত করেন। ইতোমধ্যে ০৫ টি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর মাধ্যমে ৫০ টি সাইট নির্বাচন করা হয়েছে। | ১। দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রতিবন্ধি,বিধবা,দরিদ্র ও সুবিধা বঞ্চিতদের অগ্রাধীকার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ<br>(সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২। টিউবওয়েল থেকে গড়ে ১০ টি বাড়িতে ট্যাপস্ট্যান্ডের মাধ্যমে সুপেয় পানি সেবা নিশ্চিত করা হবে।<br>৩। উক্ত টিউবওয়েলের জন্য সরকার নির্ধারিত ১০০০০/-(দশ হাজার টাকা) স্থানীয় সোনালী ব্যাংক শাখায় সরকারি কোষাগারে জমা দিতে হবে।<br>৪। নির্ধারিত প্রকৌশল ফির অতিরিক্ত কোন টাকা না দেওয়ার জন্য সভার সবাইকে অবহিত করেন।এবং সর্তক থাকার জন্য অনুরোধ করা হয়। | | |
| | | ৭। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"(৩য় বরাদ্দ) ২০২১-২০২২খ্রিঃ অর্থ-বছরের আওতায় প্রতি ইউনিয়নে (২৬*৫) =১৩০ টির মধ্যে ৫০% করে ৬৫টি ইউনিয়ন WATSAN কমিটি থেকে প্রতি তালিকা উপজেলা WATSAN কর্তৃক অনুমোদন করতে হবে। ইতোমধ্যে জালিয়া পালং,রত্নাপালং,হলদিয়া পালং,রাজা পালং,পালংখালী ০৫ টি ইউনিয়ন হতে (৫*১০)=৫০ টি তালিকা পাওয়া গেছে। উপজেলা পরিষদ এর ১৫ টি তালিকা পাওয়া গেছে। ইতোমধ্যে ৪০ টি গভীর নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে। | ১। দ্রুত কাজ বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তত্বাবধায়ক যদি নলকূপ এর Head পরিবর্তে Submersible ব্যবহার করে। তাতে জটিলতা হলে তার দায়ভার তত্বাবধায়ক বহন করবে।<br>৩। বিধি বিধান মোতাবেক সাইট বরাদ্দের সিদ্ধান্ত হবে। | ১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৮।উপজেলা ওয়াশ সেক্টর এর কার্যক্রম নিয়মিত মনিটরিং হচ্ছে কিনা এবং কোন সমস্যা থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করার অনুরোধ করেন । সভায় ওয়াশ সেক্টরে কর্মরত এনজিওদের তালিকা দেওয়া হয়। | ৪। উপজেলা এবং সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের সাথে ইউনিয়ন পরিষদ একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৯। উপজেলা প্রশাসন হতে ইতোমধ্যে রাজা পালং ইউনিয়নের রেজু পাড়ায় বর্জ্যব্যবস্থাপনার জন্য একটি জায়গার বরাদ্দ প্রদান করেছে। যার জিপিএস (N-21.2342, E-92.15476), পরিসীমা ৩৭২ মিটার,ক্ষেত্রফল ৮৪২৬ বর্গমিটার। | ১। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দ্রুত জায়গা প্রাপ্তির পত্র সমেত প্রকল্প প্রস্তাবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ০৭. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া সভায় বলেন যে,<br>১। শিক্ষার্থীদের জন্য নিবন্ধন দ্রুতকরে দেয়ার জন্য ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হল।<br>২। জন্ম নিবন্ধন জটিলতার কারণে অত্র উপজেলার মোট ২৫,৯৬২ জন শিক্ষার্থীদের মধ্যে মাত্র ১৩,৬৯৫ জন শিক্ষার্থী টিকা পাচ্ছে। যা মোট শিক্ষার্থীর ৫০% । উখিয়া উপজেলা বিশেষ এলাকা হওয়ায় নীতিমালা শিথিল করার জন্য জেলা প্রশাসক কক্সবাজার মহোদয়ের বরাবরে পত্র প্রেরণ ও রেজুলশনে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হল। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষার্থীদের জন্য নিবন্ধন জটিলতাকে সর্বোচ্চ অগ্রাধীকার দিয়ে দ্রুততম সময়ের মধ্যে জন্ম নিবন্ধন প্রদানের জন্য ইউপি চেয়ারম্যনবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া। |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া সভায় বলেন যে,<br>*মোট সক্ষম দম্পতি- ৪৬১৫০<br>*মোট পদ্ধতি গ্রতীতা- ৩৬২৮৭<br>*সিএআর- ৭৮.৬৩%<br>*মোট গর্ভবতীর সংখ্যা-২৪১৯<br>• পদ্ধতি ভিত্তিক গ্রহণকারী-<br>ক) খাবার বাড়ি-১৯৭৬৬<br>খ) কনডম- ১৭২১<br>গ) ইনজেকটেবলস্- ৯১৮৬<br>ঘ) আইইউডি- ৯০১<br>ঙ) ইমপ্লান্ট- ২৮৩৬<br>চ) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ৮১৯<br>ছ) স্থায়ী পদ্ধতি ( মহিলা)- ১০৫৮<br>*সাধারণ রোগী সেবা-৪১৪৮<br>*শিশু সেবা- ১৯৪৮<br>*গর্ভবকালীন সেবা- ১৬২২<br>*প্রসব সেবা- ৩৪৯ (বাড়ীতে-৭৭, প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা-২৮, প্রশিক্ষণ বিহীন ব্যক্তি দ্বারা-৪৯, হাসপতালে/ ক্লিনিকে-২৭২, স্বাভাবিক-২৩১, সিজারিয়ান-৪১)।<br>*FWC তে সম্পাদিত ডেলিভারী-৬৮ (জালিয়াপালং-২১, পালংখালী-১৫, রত্নাপালং-১৩, হলদিয়াপালং-১৭)।<br>* গর্ভোত্তর সেবা- ৪৫১<br>* মৃত জন্ম -০১<br>* শিশু মৃত্যু- ০১(নিউমোনিয়ারা আক্রান্ত হয়ে)<br>* মাতৃ মৃত্যু- ০০<br>* স্থায়ী পদ্ধতি সম্পাদন (পুরুষ)- ০১ | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয় গুলোতে অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষক নিয়ে এসে সমন্বয় সাধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া। |

<table>
<tr><td></td><td></td><td>* স্থায়ী পদ্ধতি সম্পাদন (মহিলা)- ০৮<br>* দীর্ঘ মেয়াদী পদ্ধতি সম্পাদন (আইইউডি)- ৬৪<br>* দীর্ঘ মেয়াদী পদ্ধতি সম্পাদন (ইমপ্লান্ট)-১৫৩<br>এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯.</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া সভায় বলেন-<br>অত্র উপজেলায় কার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৭৭টি।<br>অকার্যকর সমিতির সংখ্যা- ৩৭টি।<br>অকার্যকর সমিতি বাতিল করার জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে।<br>মোট প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ২১৪টি।<br>কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা- ০২টি।<br>বর্তমানে উক্ত সমিতিতে ১৫,১৯০ জন সদস্য আছে।<br><br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত অডিটসেস আদায় ৭,৯১০/-টাকা।<br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ ৪,৫৫৬/-টাকা।<br>আলোচ্য নিরীক্ষা বর্ষে বরাদ্ধকৃত ১৬৯টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্ধ প্রদান করা হয় এবং ২৪টি অডিট সম্পন্ন করা হয়।
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>প্রকল্পের নাম</th><th>আদায়যোগ্য (ক্রমপুঞ্জিভূত)</th><th>আদায় (ক্রমপুঞ্জিভূত)</th><th>খেলাপী ঋণের পরিমাণ</th><th>শতকরা হার</th></tr>
<tr><td rowspan="3">উখিয়া</td><td>আশ্রয়ণ</td><td>১৫,৬৩,০০০/-</td><td>১২,৮১,৮৬০/-</td><td>২,৮১,১৪০/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ (ফেইজ-২)</td><td>২১,৩১,০০০/-</td><td>১৬,৭৪,৭৩৮/-</td><td>৪,৫৬,২৬২/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ-২</td><td>--</td><td>--</td><td></td><td>--</td></tr>
</table>
এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া।</td></tr>
<tr><td>১০.</td><td>প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া নিম্নোক্তভাবে সেবা কার্যক্রম উপস্থাপন করেনঃ<br>১। চিকিৎসা সেবা কার্যক্রম:<br>ক) গবাদি প্রাণি- ১২৫৫টি, খ) হাঁস/মুরগি- ৭৭৩০টি (গ) পোষা প্রাণি-০৬টি<br>২। রোগ প্রতিরোধ (টিকা প্রদান):<br>ক) গবাদি প্রাণি- ৮০৮ মাত্রা, খ) হাঁস/মুরগি- ৪১০০০ মাত্রা<br>৩। কৃত্রিম প্রজনন: ক) গবাদি প্রাণি- ২২৮ টি<br>৪। প্রশিক্ষণ প্রদান- ০০ জন<br>৫। রাজস্ব আদায়-<br>(ক) টিকাবীজ বিক্রয়-৮,৮০০/-<br>(খ) সিমেন বিক্রয়-৬,৯৯০/-<br>(গ) গবাদি প্রাণি ও হাঁস মুরগীর খামার রেজিষ্ট্রেশন- ২,৩০০/-<br>(ঘ) খাদ্য ব্রিক্রেতার লাইসেন্স ফি- ৭৭৫/-<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে সেবাপ্রার্থীদের যথাযথ ও আন্তরিক সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া।</td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া সভায় বলেন বনবিভাগে অভিযান চলতি মাসে বিভিন্ন প্রজাতির বল্লী-৪৫টি, দা-০১টি, বাশের খুটি-০৮টি, করাতকল-০১টি, বিবিধ প্রজাতির কাঠ-৩৫ ঘনফুট, ঝুড়ি-০৫টি, কোদাল-০২টি, আকাশমনি গোলকাঠ-৫ ঘনফুট, ড্রেজার মেশিন-০১টি, পাইপ ১৩০ ফুট, বেদচা ০৩টি জব্দ করা হয়েছে। জব্দকৃত মালামালের আনুমানিক মূল্য ২,২৪,৪৫০/-। মোট ১৫ জনকে আসামী করে পিওআর মামলা করা হয়েছে-০৯টি এবং ইউ,ডি,ও আর মামলা করা হয়েছে ০১টি। তিনি আরো জানান পাহাড় হতে মাটি ও গাছ কাটা এবং বন বিভাগের জমিতে ঘর নির্মাণের বিরুদ্ধে সব ধরনের অভিযান অব্যাহত রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান মাটি বা পাহাড় কাটার বিষয়ে যখনি কোন তথ্য পাই সাথে সাথে প্রশাসনের সহযোগিতায় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে বন বিভাগের জমি হতে, পাহাড় কাটতে না পারে এবং বন বিভাগরে জমিতে ঘর বাড়ি নির্মাণ করতে না পারে এর জন্য বন বিভাগকে নজরদারি বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা মৎস্য অফিস</td><td>উপজেলা মৎস্য অফিসার, উখিয়া সভায় বলেন যে, চলতি মাসে অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। অফিস পর্যায়ে ৩৫ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদান সহ প্রয়োজনীয় উপকরণ ও মাছের পোনা সংগ্রহে চাষিকে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের আওতায় সমুদ্র উপকূলে কোষ্ট গার্ডের সহযোগিতায় সমুদ্র উপকূলীয় ইনানী বড় খাল ঘাট, মোঃ শফিরবিল এলাকা, ইনানী ঝাউবাগান ঘাট এলাকা, সোনারপাড়াঘাট, রেজুরঘাট এবং মনখালী ঘাট, মাদারবনিয়া ও ছেপটখালী এলাকার বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে ৩,০০০ মিটার কারেন্ট জাল ও ০৩টি চরঘেরা জাল জব্দ এবং তা জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের আওতাধীন সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্টের সহযোগিতায় উপজেলার বিভিন্ন এলাকায় ৮৫টি সামুদ্রিক নৌযানে জিএসএম ডিভাইস সংযোগ স্থাপন করা হয়। উল্লেখ্য, রাজস্ব খাতের আওতায় উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা হয়। এছাড়া মাঠ পর্যায়ে</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম আরো জোরদার করার ও জেলেদের ভিজিএফ চাল সহায়তা বরাদ্দ দেওয়ার পূর্বে সে সমস্ত জেলেদের তালিকা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে জ্ঞাতার্থে প্রেরণ এবং দ্রুত সময়ের মধ্যে আরও সচ্ছতার সাথে নতুনভাবে জেলেদের</td><td>উপজেলা মৎস্য অফিসার, উখিয়া।</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td>চাষি সংযোগ, মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পরামর্শ কার্যক্রম অব্যাহত রয়েছে।</td><td>তালিকা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১৩.</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>ডিজিএম, উখিয়া সভায় বলেন, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির উখিয়া জোনাল অফিসের সকল প্রকার কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য সকল বিভাগসহ জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হল। এছাড়া বিভিন্ন বিভাগের বকেয়া বিল সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে নিম্নরুপ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রতিষ্ঠানের নাম</th><th>বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>স্থানীয় সরকার বিভাগ</td><td>৪১৭০৫৪.০০</td></tr>
<tr><td>০২</td><td>জেলা থানা প্রকৌশল বিভাগ</td><td>৯২২১.০০</td></tr>
<tr><td>০৩</td><td>স্থানীয় সরকার বিভাগ</td><td>১২৩৬০৭৩.০০</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা ডাক বিভাগ</td><td>২৫৮৩৫.০০</td></tr>
<tr><td>০৫</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল</td><td>২২৮২.০০</td></tr>
<tr><td>০৬</td><td>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</td><td>৩৪২০৩৭.০০</td></tr>
<tr><td>০৭</td><td>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়</td><td>৪৩৯০৩৪৫.০০</td></tr>
<tr><td>০৮</td><td>জননিরাপত্তা বিভাগ</td><td>৯২০৫০১.০০</td></tr>
<tr><td>০৯</td><td>স্বাস্থ্য সোবা বিভাগ</td><td>১১১৮২১৫.০০</td></tr>
<tr><td>১০</td><td>আনসার ও ভিডিপি</td><td>৪৫৪৫৩.০০</td></tr>
<tr><td>১১</td><td>জন প্রশাসন মন্ত্রণালয়</td><td>৭৮৪৫.০০</td></tr>
<tr><td>১২</td><td>কৃষি মন্ত্রণালয়</td><td>১১৯০১.০০</td></tr>
<tr><td>১৩</td><td>প্রতিরক্ষা মন্ত্রণালয়</td><td>৪১৫২৭৩৮.০০</td></tr>
<tr><td>১৪</td><td>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়</td><td>৪৫৩৪২৯.০০</td></tr>
<tr><td>১৫</td><td>থানা শিক্ষঅ অফিস সমূহ</td><td>১২৮৮৪.০০</td></tr>
<tr><td>১৬</td><td>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়</td><td>২৫৬৬২৫.০০</td></tr>
<tr><td>১৭</td><td>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়</td><td>১৬৮২.০০</td></tr>
<tr><td>১৮</td><td>পরিবেশ ও বন মন্ত্রণালয়</td><td>২৫৪৯২.০০</td></tr>
<tr><td>১৯</td><td>খাদ্য মন্ত্রণালয়</td><td>১২২৫৬.০০</td></tr>
<tr><td>২০</td><td>আইন ও বিচার বিভাগ</td><td>৯০৬০.০০</td></tr>
<tr><td>২১</td><td>পানি সম্পদ মন্ত্রণালয়</td><td>২৭৮১০৯.০০</td></tr>
<tr><td>২২</td><td>মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়</td><td>৩৬৫৬.০০</td></tr>
<tr><td>২৩</td><td>প্রাণি সম্পদ অধিদপ্তর</td><td>৭২৫০.০০</td></tr>
<tr><td>২৪</td><td>তহশীল অফিস</td><td>১৪৪১৩.০০</td></tr>
<tr><td>২৫</td><td>সমাজ কল্যাণ মন্ত্রণালয়</td><td>২৯৯৮.০০</td></tr>
<tr><td>২৬</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>৩২১২৩.০০</td></tr>
<tr><td>২৭</td><td>তথ্য মন্ত্রণালয়</td><td>২০১২১২.০০</td></tr>
<tr><td>২৮</td><td>অর্থ বিভাগ</td><td>৪৩৬৮.০০</td></tr>
<tr><td>২৯</td><td>অন্যান্য</td><td>৪৩৯৯৮২.০০</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১৪৪৩৬০৩৯.০০</td></tr>
</table></td><td>সভার বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ ব্যববহারে সকলকে সাশ্রয়ী হওয়া ও বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ডিজিএম, উখিয়া</td></tr>
<tr><td>১৪.</td><td>মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া জানান যে, দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিডব্লিউবি) কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ০৫টি ইউনিয়ন এর ২২৯২৪ জন ভাতাভোগীর মধ্যে সেপ্টেম্বর/২০২২ইং মাসের খাদ্য শস্য বিতরণ হয়েছে ২০২০-২০২১ অর্থ বছরের উন্নত সংস্করণের মাতৃত্বভাতা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২০২২-২০২৩ অর্থ বছরের সেপ্টেম্বর/২২ইং মাস পর্যন্ত মোট ১৬৯০ জন ভাতাভোগী রয়েছে এবং জুলাই/২২ইং মাসে ভাতাভোগী অনলাইন ডাটা এন্ট্রির কাজ সাময়িকভাবে স্থগিত রয়েছে। সেলাই (WTC) ৩০ জন প্রশিক্ষণার্থীদের জুলাই/২২ইং হতে সেপ্টেম্বর/২২ইং মাস পর্যন্ত ০৩(তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের ২০২২-২০২৩ অর্থ বছরের পরিচালনা ও উন্নয়ন বাজেটের ব্যয় হ্রাসকরণের কারণে চলমান ১৭ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করে অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পরিবর্তী প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে। চলমান ১৬ তম ব্যাচের (ফ্যাশন ডিজাইন ২৫ + বিউটিফিকেশন ২৫=৫০) জন প্রশিক্ষণার্থীদের জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২২খ্রি. মাস পর্যন্ত ০৩ (তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া।</td></tr>
<tr><td>১৫.</td><td>যুব উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া সভায় বলেন<br>১। চলতি মাসে যুব ঋণ বিতরণ- নাই।<br>২। চলতি অর্থবছরে যুব ঋণ বিতরণ- ৩,৬০,০০০/-<br>৩। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ১,০৬,৪৮,০০০/-<br>৪। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-৯৯,৯০,৪০০/-<br>৫। ক্রমপুঞ্জিত আদায়কৃত- ৭৭,৮৯,৮৬৫/-<br>৬। ক্রমপুঞ্জিত আদায়ের হার- ৭৮%<br>৭। চলতি মাসে চলমান আদায়- ৪৯,০০০/-<br>৮। চলমান আদায়ের হার- ১০০%<br>৯। প্রশিক্ষণ (২০২২-২৩) অর্থ বছরে মোট- ০২টি ব্যাচ ৬০ জন।<br>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এবং ঋণ আদায়ের হার শতভাগ উন্নীত করার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible]. | পল্লী সঞ্চয় ব্যাংক | সমন্বয়কারী, এবাএখা এবং পল্লী উখিয়া সভায় বলেন যে, অদ্যাবধি ঋণ বিতরণ করা হয়েছে ৯৪ লক্ষ ৫০ হাজার টাকা এবং আদায় করা হয়েছে ৮৩ লক্ষ ৭০ হাজার টাকা। সঞ্চয় আদায় ১৭ লক্ষ ২০ হাজার টাকা। এছাড়া খেলাপি ঋণ আদায়ের জন্য ক্যাশ প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এতে স্থানীয় ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণের সার্বিক সহযোগীতা কামনা করা হয়। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সার্বিক সহযোগীতার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | সমন্বয়কারী, এবাএখা এবং পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া |
| ১৭. | উপজেলা সমাজসেবা অধিদপ্তর | ১। সামাজিক নিরাপত্তাঃ<br>২০২২-২৩ অর্থ বছরের সকল কার্যক্রমের ভাতাভোগীদের ১ম কিস্তির পে- রোল আগামী ২রা অক্টোবর হতে ০৮ অক্টোবর/২০২২ সময়ে দেয়া হবে। ইতোমধ্যে রাজাপালং ব্যতীত অন্য ০৪ টি ইউনিয়ন হতে বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার মৃত ব্যক্তিদের তালিকা ও তাদের স্থলে প্রতিস্থাপিত তালিকা পাওয়া গেছে। রাজাপালং ইউনিয়ন হতে বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার মৃত ব্যক্তিদের তালিকা ও তাদের স্থলে প্রতিস্থাপিত তালিকা না পেলে মৃত ব্যক্তির নামে ভাতার টাকা যাবে। উক্ত সভায় সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। দারিদ্র্য বিমোচনঃ<br>ক্ষুদ্রঋণের আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায়ের হার সন্তোষজনক।<br>০৩। সেবা ও কমিউনিটি ক্ষমতায়ন।<br>উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে ৩৪ জন অসহায় ও দরিদ্র রোগীদের =৩৭৫০/- টাকার ঔষধ ক্রয় করে দেয়া হয়েছে।<br>০৪। প্রতিবন্ধী বিষয়কঃ<br>বিগত ১০ আগস্ট, ২০২২ হতে ১০ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত প্রতিবন্ধী কার্যক্রমের বাইরে থাকা প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট হতে অনলাইনে আবেদন আওবান করা হলে সুবর্ণ নাগরিক কার্ডধারী ৫০৯ প্রতিবন্ধী ব্যক্তি ভাতার জন্য আবেদন করেছে। বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>০৫। সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশনঃ<br>সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশন স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। আইনের সংঘাতে জড়িত ০১ জন শিশুকে শিশু আইন-২০১৩ এর ৪৮ ধারা অনুযায়ী শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তা ও প্রবেশন অফিসার হিসেবে তাদেরকে কারাগারে না পাঠিয়ে ডাইভার্সনে মুক্তি দেয়া হয়েছে। সেই সাথে তাদেরকে ফলোআপে রাখা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সেবাপ্রার্থীদের যথাযথ ও আন্তরিক সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উখিয়া। |

সভাপতি অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অধ্যক্ষ হামিদুল হক চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
উখিয়া, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৯৪.০০০.০০১.০১৮.২০২২- ১১৩১(৫)

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
০৭। ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
০৮। উপজেলা ........................................................... কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার।
০৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), ........................................................ ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার।
১০। ............................................................................................................ উখিয়া, কক্সবাজার।
১১। অফিস কপি।

ইমরান হোসাইন সজীব
উপজেলা নির্বাহী অফিসার
উখিয়া, কক্সবাজার।
মুঠোফোন-০১৭৩৩-৩৭৩২০৫

৮

## পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিতির ক্রমানুসারে স্বাক্ষর (উপজেলা পরিষদ সাধারণ সভা), তারিখ- ২৫.০৯.২০২২ খ্রিস্টাব্দ

| ক্রঃ নং | উপস্থিতির নাম, পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব কামরুননেছা বেবী, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০২ | জনাব এম. গফুর উদ্দিন চৌধুরী, চেয়ারম্যান, পালংখালী ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৩ | জনাব এস.এম. ছৈয়দ আলম, চেয়ারম্যান, জালিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৪ | জনাব মোঃ আইয়ুব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৫ | জনাব আল মাহমুদ হোসেন, উপজেলা সমাজসেবা অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৬ | জনাব মোঃ মহিউদ্দিন, জেলা সমন্বয়ক, UICDP | স্বাক্ষরিত/ |
| ০৭ | জনাব রোকনুজ্জামান খান, উপজেলা প্রকৌশলী, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৮ | জনাব শিরিন ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৯ | জনাব মোঃ ইব্রাহীম, ডিজিএম, পল্লী বিদ্যুৎ, উখিয়া | স্বাক্ষরিত/ |
| ১০ | জনাব গাজী মু. শফিউল আলম, রেঞ্জ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১১ | জনাব ডা. পলাশ চন্দ্র রায়, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১২ | জনাব মোঃ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৩ | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা পজীপ কর্মকর্তা, বিআর ডিবি, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৪ | জনাব মোঃ আব্দুল করিম, সমন্বয়কারী, একএখা ও পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৫ | জনাব গুলশান আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া, কক্সাবাজার | স্বাক্ষরিত/ |
| ১৬ | জনাব ডাঃ রনজন বড়ুয়া রাজন, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৭ | জনাব প্রসেনজিৎ তালুকদার, উপজেলা কৃষি অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৮ | জনাব মোঃ সালাহ উদ্দিন, প্যানেল চেয়ারম্যান, রাজাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৯ | জনাব মোঃ জাহিদুর রহমান, ইউজিডিএফ | স্বাক্ষরিত/ |
| ২০ | জনাব মোঃ বদরুল আলম, একাডেমিক সুপার ভাইজার, মাধ্যমিক শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২১ | জনাব মোঃ আব্দুল খালেক, উপজেলা খাদ্য অফিস, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২২ | জনাব মোঃ সোহেল, উপজেলা মৎস্য অফিস, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |